# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 24-03-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আন্তঃরাজ্য সীমান্তে নজরদারি জোরদার করতে নির্বাচন কমিশন এক গুরুত্বপূর্ণ বৈঠকে বসেছে।

২/ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ধাপে ধাপে আরও ১ হাজার ৯ শো ২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসে পৌঁছবে।

৩/ দেশের সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকার গত ৫ বছরে ৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে বলে কেন্দ্রীয় সমবায় প্রতিমন্ত্রী কৃষাণ পাল গুর্জর জানিয়েছেন।

৪/ আই প্যাক অফিসে ইডি-র অভিযানের সময় রাজ্যের মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ নিয়ে মামলার শুনানি সুপ্রিম কোর্টে আজ আবার শুরু হয়েছে।

৫/ আজ বিশ্ব যক্ষ্মা প্রতিরোধ দিবস। এই উপলক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং কেন্দ্র ও রাজ্য সরকার যক্ষ্মা মুক্ত ভারত গঠনে নানা কর্মসূচী নিয়েছে।

oooooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আন্তঃরাজ্য সীমান্তে নজরদারি জোরদার করতে নির্বাচন কমিশন এক গুরুত্বপূর্ণ বৈঠকে বসেছে। পশ্চিমবঙ্গ ও অসমের পাশাপাশি প্রতিবেশী রাজ্য—বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা, সিকিম, ত্রিপুরা-সহ একাধিক রাজ্যের মুখ্যসচিব, পুলিশ প্রধান এবং সংশ্লিষ্ট আধিকারিকরা এই বৈঠকে অংশ নিয়েছেন

আন্তঃরাজ্য সীমান্তে নজরদারি আরও কঠোর করা, বিশেষ করে বেআইনি নগদ, মদ, অস্ত্র বা দুষ্কৃতী যাতায়াত রুখতে সমন্বিত পদক্ষেপ নেওয়ার উপর জোর দেওয়া বৈঠকের মূল উদ্দেশ্য। বৈঠকে

সীমান্ত এলাকায় যৌথ টহল, নাকা চেকিং জোরদার এবং তথ্য আদানপ্রদানের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ধাপে ধাপে আরও প্রায় ১ হাজার ৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে আসবে। এর মধ্যে, সি এ পি এফ, ইন্ডিয়ান রিজার্ভ ব্যাটেলিয়ন এবং ভিন রাজ্যের সশস্ত্র বাহিনী রয়েছে। ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আগামী ৩১ মার্চের মধ্যেই এসে পৌঁছাবে। ভোটারদের মনোবল বাড়াতে ও আইন-শৃঙ্খলা জনিত অন্যান্য কাজের জন্য ইতোমধ্যে চারশো ৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে মোতায়েন করা হয়েছে। আরো ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এলে বিভিন্ন জেলা ও পুলিশ কমিশনারেট কি ভাবে তাদের মোতায়েন করবে তার চূড়ান্ত রূপরেখা তৈরি করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর পৌরহিত্যে বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K Mishra এবং রাজ্য পুলিশের নোডাল অফিসার ADG (লিগাল) Anand Kumar এর উপস্থিতিতে জয়েন্ট ফোর্স ডিপ্লয়মেন্ট কমিটির বৈঠক হয়। সেখানে গৃহীত সিদ্ধান্ত অনুসারে কলকাতায় সর্বাধিক ৬০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। এরপরই পূর্ব মেদিনীপুরে ৪৮ কোম্পানি এবং সবচেয়ে কম বিধাননগর পুলিশ কমিশনারেট এলাকায় ১১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জানান হয়েছে।

উল্লেখ্য, এই ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে এলে রাজ্যে মোট কেন্দ্রীয় বাহিনী সংখ্যা হবে ৭৮০ কোম্পানি।

এদিকে, অত্যাবশক পরিষেবায় যুক্ত অনুপস্থিত ভোটারদের সংশ্লিষ্ট ফর্ম বিলির বিষয় নিয়ে বিভিন্ন বিভাগে রাজ্যের নোডাল অফিসারদের সঙ্গে সমন্বয় সাধনের জন্য ইতোমধ্যে একটি মিটিং অনুষ্ঠিত হয়েছে। কোন কোন পরিষেবাকে অত্যাবশ্যক হিসাবে ধরা হচ্ছে তার বিস্তারিত বিবরণও উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে এসআইআর-এ বিবেচনাধীন বা অ্যাজুডিকেশন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়েছে। গতকাল রাত ১২ টার কিছুক্ষণ আগে এই তালিকা নিজেদের ওয়েবসাইটে বের করে নির্বাচন কমিশন। যাদের নাম ভোটারতালিকায় অন্তর্ভুক্ত রয়েছে এবং যাদের নাম বাদ পড়েছে, তাদের আলাদা তালিকা প্রকাশ করা হয়েছে। বিধানসভা ভিত্তিক বুথ অনুযায়ী দুটি ভাগে এই তালিকা প্রস্তুত করা হয়েছে। সব মিলিয়ে এখনও পর্যন্ত প্রায় ২৯ লক্ষ ভোটারের নিষ্পত্তি হয়েছে বলে জানা গেছে। তবে কত নামের নিষ্পত্তির তালিকা বের হয়েছে, সেই সংখ্যা উল্লেখ করা হয়নি। জানা যায়নি কত নাম বাদ পড়েছে, তারও বিস্তারিত তথ্য। বুথ মাফিক অতিরিক্ত ভোটার তালিকা ডাউনলোড করে ভোটার তাদের তথ্য জানতে পারবেন।

এদিকে, গত সন্ধ্যাতেই এক সাংবাদিক বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছিলেন, বাদ পড়া ভোটাররা সদ্য গঠিত অ্যাপিলেট ট্রাইব্যুনালে তাদের বক্তব্য জানাতে পারবেন। এই ট্রাইব্যুনালের কাজ করার জন্য রাজ্য সরকারের কাছে জায়গা চাওয়া হয়েছে বলেও তিনি জানান।

উল্লেখ্য, গত ২৮ শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছিল নির্বাচন কমিশন। বিবেচনাধীন ছিলেন ৬০ লক্ষের বেশি ভোটার। সুপ্রিম কোর্টের নির্দেশে ৭০৫ জন বিচারবিভাগীয় আধিকারিক ঝাড়াই-বাছাইয়ের পর ধাপে ধাপে এই অতিরিক্ত তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন।

অনলাইন বা অফলাইন দুভাবেই তালিকা দেখা যাবে।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ সফর দিয়েই নির্বাচনী প্রচার শুরু করবেন। নকশালবাড়ি নন্দ প্রসাদ বালিকা বিদ্যালয়ের মাঠে আগামীকাল নির্বাচনী জনসভা করবেন তিনি। পাশাপাশি তিনি ডাবগ্রাম ফুলবাড়ী  ময়নাগুড়িতেও সভা করবেন।

oooooooooooooooooooooo

ঐতিহাসিক, সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যে সমৃদ্ধ এক অনন্য জেলা নদিয়া। আসন্ন বিধানসভা নির্বাচনকে ঘিরে জেলাজুড়ে রাজনৈতিক উত্তাপ বেড়েছে যা নতুন মাত্রা পেয়েছে এস আই আর এর আবহে। রাজ্যে অষ্টাদশ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় নদীয়ায় ভোট হবে আগামী ২৯শে এপ্রিল।

এক নজরে দেখে নেওয়া যাক জেলার ভোট চিত্র-

(ভিসি- অনুপম)

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ রবিবার,** আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।
হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।*

oooooooooooooooooooooooo

দেশের সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকার গত পাঁচ বছরে ৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে। লোকসভায় আজ এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় সমবায় প্রতিমন্ত্রী কৃষাণ পাল

গুর্জর এ-কথা জানিয়ে বলেন, এর আগে ১৯৬৩ থেকে ২০১৪ সাল পর্যন্ত সমবায় ক্ষেত্রের উন্নয়নে জাতীয় সমবায় উন্নয়ন নিগম মাত্র ৫০ হাজার কোটি টাকা বরাদ্দ করেছিল। শ্রী পাল বলেন, মোদী সরকারের আমলে দেশের কৃষকদের স্বার্থই প্রধান অগ্রাধিকার। সে-জন্য এই প্রথমবার, সমবায় পরিচালিত চিনিকলগুলির উন্নয়নে সরকার ১০ হাজার কোটি টাকার একটি তহবিল চালু করেছে বলে মন্ত্রী উল্লেখ করেন।

**(Byte - Krishan Pal)**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "গ্রামীণ অর্থনীতিতে পাট চাষ ও পাট শিল্প"। এই নিয়ে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার কল্যান কুমার মজুমদারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ(২৪/০৩/২৬) রাত আটটায় গীতাঞ্জলি, ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে। অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামীকাল রাত সাড়ে নটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আই প্যাক অফিসে ইডির অভিযান চলাকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হস্তক্ষেপের বিরুদ্ধে ইডির অভিযোগ নিয়ে সুপ্রিম কোর্টে মামলাটির শুনানি আজ পুনরায় শুরু হয়েছে। মুখ্যমন্ত্রীর তরফে সওয়াল শুরু করে আইনজীবী কপিল সিব্বাল বলেন, ইচ্ছাকৃতভাবে ইডি-কে মামলাকারী করা হয়েছে। কিন্তু ইডির মামলা করার কোন অধিকার নেই। বিরতির পর আবার শুনানি শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব যক্ষা প্রতিরোধ দিবস। মাইকোব্যাকটেরিয়াম টিউবারকিউলোসিস জীবাণু সংক্রমিত এই রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে ২৪ শে মার্চ দিনটি উদযাপন করা হয়। ১৮৮২ সালের ডক্টর রবার্ট কোচ যক্ষার এই জীবাণু আবিষ্কার করেছিলেন।

এবছরের যক্ষা দিবসের থিম **আমরা অবশ্যই যক্ষা নির্মূল করতে পারি।** স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে যক্ষা নির্মূল করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন উদ্যোগ ও সম্ভাবনার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু বলেছেন, যক্ষ্মা রোগ আজও জন স্বাস্থ্য ক্ষেত্রে এক  গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ এবং বিশ্বের কয়েক লক্ষ মানুষ এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। বিশ্ব যক্ষ্মা প্রতিরোধ দিবসের প্রাক্কালে এক বার্তায় তিনি গতকাল বলেন, যক্ষ্মা মুক্ত ভারত অভিযানে সাম্প্রতিক কয়েক বছরে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এই রোগ চিরতরে নির্মূল করার লক্ষ্যে সঙ্ঘবদ্ধ ভাবে কাজ করার জন্যে সংশ্লিষ্ট সব পক্ষকে আর্জি জানান তিনি।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং কেন্দ্র ও রাজ্য সরকার  যক্ষ্মা মুক্ত ভারত গড়তে বর্ষব্যাপী নানা কর্মসূচি হাতে নিয়েছে। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট - )

নদীয়ার কৃষ্ণনগরের রবীন্দ্রভবনে আজ এই উপলক্ষে এক কর্মসূচীর আয়োজন করা হয়।

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘি এলাকায় এক বিজেপি কর্মীর খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। নিহত কিশোর দাস (৩৭) দিঘিরপাড়-বকুলতলা গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা ও ২১৬ নম্বর বুথের সহ-সভাপতি ছিলেন।

তাকে গত রাতে ফোন করে ডেকে নিয়ে গলা কেটে খুন করা হয় বলে অভিযোগ,। বিজেপির দাবি, এই ঘটনার পিছনে তৃণমূলের হাত রয়েছে। যদিও শাসক দলের পাল্টা দাবি, রাজনৈতিক নয়, ব্যক্তিগত সম্পর্কজনিত বিরোধের জেরেই এই খুন। এই ঘটনায় নিহতের স্ত্রী ও এক প্রতিবেশী যুবককে গ্রেফতার করা হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ। এলাকায় উত্তেজনা রয়েছে।

oooooooooooooooooooooo

অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয়বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গে আজ  বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।  উত্তরের প্রায় প্রতিটি জেলাতেই ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।

এদিকে, দক্ষিণবঙ্গে আগামী দুদিনে সেরকম বৃষ্টি না হলেও আগামী শুক্রবার থেকে হালকা থেকে মাঝারি ঝড়-জলের পূর্বাভাস রয়েছে।  আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে সামান্য কম।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooo